

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১.৭০৬

তারিখঃ ২৬/০৬/২০২২ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র মাঠ পর্যায়ে কর্মরত জনবলের প্রত্যেক অর্থবছরে তাদের বিতরণকৃত ঋণের বিপরীতে অর্জিত আয় হতে বেতন-ভাতা ও গ্র্যাচুইটি খাতে ব্যয় নির্বাহের পর উদ্বৃত্ত অর্থ হতে কর্মকর্তা-কর্মচারীদের কমিশন/উৎসাহ ভাতা প্রদান এবং ভবিষ্যতের জন্য তহবিল সংরক্ষণ করার জন্য স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬. ০০.০০৪.২১.০৩ তারিখঃ ০৫/০৯/২০২১ খ্রিঃ মূলে অফিস আদেশ জারি হয়। কর্মকর্তা-কর্মচারীদের উক্ত কমিশন/উৎসাহ ভাতা প্রদানের ক্ষেত্রে বিগত ০২/০৩/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কর্মসূচি'র নীতি নির্ধারণী কমিটি কর্তৃক অনুমোদিত ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা মোতাবেক নিম্নোক্ত শর্তাবলী আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।


শর্তাবলী:

ক) প্রশংসনীয় বা অসাধারণ কাজের জন্য অর্থাৎ কোন কর্মচারী কোন আর্থিক বৎসরে তাহার দায়িত্বাধীন সমিতি/দলের আদায়যোগ্য ঋণ ৮০% কিস্তিতে আদায় করিতে সক্ষম হইলে ও তাহার দায়িত্বাধীন সমিতি/দলে কোন মেয়াদোত্তীর্ণ ঋণ না থাকিলে তিনি ঐ আর্থিক বৎসরে তাহার অর্জিত আয়ের অংশ হইতে বেতনভাতা গ্রহণ ও গ্র্যাচুইটির অর্থ প্রেরণের পর যাহা উদ্বৃত্ত থাকিবে, তাহার ৫০% বৎসর শেষে উৎসাহ ভাতা হিসাবে নগদে প্রাপ্য হইবেন।

খ) একইভাবে কোন আর্থিক বৎসরে একটি উপজেলার সমুদয় আদায়যোগ্য ঋণের ৭৫% কিস্তিতে আদায় হইলে ও ১০০% মেয়াদোত্তীর্ণ মুক্ত থাকিলে সংশ্লিষ্ট উপজেলার সকল কর্মচারী ঐ আর্থিক বৎসরে নিজ নিজ অর্জিত আয়ের অংশ হইতে বেতন ভাতা গ্রহণ ও গ্র্যাচুইটির অর্থ প্রেরণের পর যাহা উদ্বৃত্ত থাকিবে, তাহার ৫০% বৎসর শেষে উৎসাহ ভাতা হিসাবে নগদে প্রাপ্য হইবেন।

২। উপরোক্ত শর্তাবলীর ব্যত্যয় ঘটিয়ে কোন কর্মকর্তা-কর্মচারীকে কমিশন/উৎসাহ ভাতা প্রদান করা হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগত ভাবে দায়ী থাকিবেন।

৩। কর্মসূচি'র সফল বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারি করা হলো। উল্লেখ্য, চলতি ২০২১-২২ অর্থ বছরের পূর্ববর্তী সময়ের বেতন-ভাতা খাতে অর্জিত তহবিলের উদ্বৃত্ত অর্থ হতে উপরোক্ত কমিশন/উৎসাহভাতা পরিশোধযোগ্য হবে না।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪
তারিখঃ ৩০/০৬/২০২২ খ্রিঃ


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১.৭০৬

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (প্রকল্প/কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ ----- (প্রকল্প/কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ ----- (প্রকল্প/কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৬. হিসাব সহকারী/কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক/মাঠ সংগঠক/অফিস সহায়ক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ ----- (প্রকল্প/কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্যঃ

৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।


মুহাম্মদ মাহবুব আলম
উপ প্রকল্প পরিচালক